অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/27/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

ইন ভিট্রো ফার্টিলাইজেশন (IN VITRO FERTILIZATION, IVF) ও প্রজননশীলতার সংরক্ষণের ব্যবহার বৃদ্ধি করার জন্য গভর্নর কুওমো 2019 নারী ন্যায়বিচার এজেন্ডার (2019 WOMEN'S JUSTICE AGENDA) প্রস্তাবনা ঘোষণা করেন

এই আইনে ইন ভিট্রো ফার্টিলাইজেশনকে বড় দলগত বীমার অন্তর্ভুক্ত করা এবং চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় প্রজননশীলতার সংরক্ষণকে অন্তর্ভুক্তিকরণ আবশ্যক করে

ডিপার্টমেন্ট অব ফাইন্যান্সিয়াল সার্ভিসেস (Department of Financial Services, DFS) এর বিশ্লেষণ ইন ভিট্রো ফার্টিলাইজেশনের আওতাকে বন্ধ্যাত্ব আদেশের (Infertility Mandate) মধ্যে অন্তর্ভুক্ত করার বিষয়টি উঠে আসে

বীমা আওতা নিশ্চিত করে যে বৈবাহিক অবস্থা, যৌন অভিযোজন, লিঙ্গ পরিচয়, বয়স বা আর্থ-সামাজিক অবস্থা নির্বিশেষে সকলের প্রজননশীলতা সেবায় (Fertility Services) প্রবেশাধিকার রয়েছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় প্রজননশীলতার সংরক্ষণ পরিষেবার পাশাপাশি ইন ভিট্রো ফার্টিলাইজেশনের অন্তর্ভুক্তিকরণ অধিকার বৃদ্ধি সংক্রান্ত আইন পাশ করার জন্য আজ 2019 নারী ন্যায়বিচার এজান্ডাতে একটি প্রস্তাবনা ঘোষণা করেন। এই আইনটি বিশেষ করে বড় দলগত বীমা প্রদানকারীদের জন্য ইন ভিট্রো ফার্টিলাইজেশন অন্তর্ভুক্তিকরণ আবশ্যক করবে এবং এছাড়াও বড়, ক্ষুদ্র দলগত ও ব্যক্তিগত বীমা প্রদানকারীদের ক্যান্সার চিকিৎসাসহ বিশেষ স্বাস্থ্য পরিস্থিতির মধ্য দিয়ে যাচ্ছে এমন মহিলাদের ডিম্বাণু হিমায়িত (egg-freezing) করার পরিষেবা অন্তর্ভুক্তিকরণ আবশ্যক করবে। উপরন্তু, বৈবাহিক অবস্থা, বয়স, যৌন অভিযোজন এবং/অথবা লিঙ্গ পরিচয় নির্বিশেষে নিউ ইয়র্কবাসীদের এই অত্যাবশ্যক পরিষেবাতে প্রবেশাধিকার নিশ্চিত করার জন্য এই আইনটি শক্তিশালী অ-বৈষম্যমূলক ভাষা অন্তর্ভুক্ত করবে। এটি ডিপার্টমেন্ট অব ফাইন্যান্সিয়াল সার্ভিসেস এর আজ প্রকাশিত সম্ভাব্যতা গবেষণার বিশ্লেষণ অনুসরণ করে যেটি গত বছরের নারী এজেন্ডার অংশ হিসেবে গভর্নর কর্তৃক নির্দেশিত ছিল।

"নিউ ইয়র্ক বয়স, জাতি, যৌন অভিযোজন, লিঙ্গ পরিচয় বা আর্থ-সামাজিক অবস্থা নির্বিশেষে - সব নিউ ইয়র্কবাসীদের প্রজনন স্বাস্থ্যে প্রবেশাধিকার রক্ষা ও বৃদ্ধি করতে লড়ে যাচ্ছে",**গভর্নর কুওমো বলেছেন।** "বড় স্বাস্থ্য বীমা প্রদানকারীদের জন্য ইন ভিট্রো ফার্টিলাইজেশন ও প্রজননশীলতা সংরক্ষণ পরিষেবাকে বীমার অন্তর্ভুক্তিকরণ আবশ্যক করলে তা মানুষ কখন বা কিভাবে একটি পরিবার শুরু করবে সে ব্যাপারে সিদ্ধান্ত নেয়ার সময় যে অর্থনৈতিক বাধা তা অনেকাংশে দূর করবে এবং আমাদের দেশের শীর্ষ নারী ন্যায়বিচার এজেন্ডার উন্নয়ন করবে।"

"বীমার অন্তর্ভুক্তিকরণ ছাড়া, ইন ভিট্রো ফার্টিলাইজেশনের উচ্চ খরচ একটি অন্তরায়, যা সমাজের উপর একটি অন্যায্য প্রজননশীলতা কর আরোপ করবে", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "ইন ভিট্রো ফার্টিলাইজেশনের প্রাপ্যতা বৃদ্ধি করা আমাদের নারী ন্যায়বিচার এজেন্ডার একটি অংশ, আমাদের স্টেটের নারীদের জন্য সম্পূর্ণ সাম্যতা নিশ্চিত করার একটি যুগান্তকারী প্রচেষ্টা। আর্থিক উপায় নির্বিশেষে একটি পরিবার গঠন করতে চাওয়া প্রত্যেক নিউ ইয়র্কবাসীকে তা করার সুযোগ দেয়া উচিত। প্রত্যেক ব্যক্তির চিকিৎসা ক্ষেত্রে সর্বশেষ উন্নতির সুবিধা ভোগ করার অধিকার থাকা উচিত, তারা যাকেই ভালোবাসুক বা তাদের আয় যাই হোক না কেন।"

গভর্নরের সচিব এবং কাউন্সিল অন উইমেন এন্ড গার্লস (Council on Women and Girls) এর চেয়ার মেলিসা ডিরোজা বলেন, "গর্ভধারণ করা এবং কখন গর্ভধারণ করবে তা বেছে নেয়ার সক্ষমতার চেয়ে অধিক ব্যক্তিগত বা জীবন পরিবর্তনকারী বিষয় আর নেই। যখন কেউ এই জীবন পরিবর্তনকারী সিদ্ধান্তের সম্মুখীন হলে, আমি জানি তারা সরাসরি সমস্যায় পড়েন — মানসিক ও আর্থিকভাবে। সব নারীদের জন্য এই বাধা দূর করতে আমাদের উচিত সর্বাত্মক চেষ্টা করা এবং এই সাহসী প্রস্তাবনা এই যুদ্ধে একটি বিশাল পদক্ষেপ।"

ফাইন্যান্সিয়াল সার্ভিসেস এর ভারপ্রাপ্ত সুপারইন্টেন্ডেন্ট লিন্ডা এ. লেসওয়েল বলেন: "ডিপার্টমেন্ট অব ফাইন্যান্সিয়াল সার্ভিসেস বীমা রেগুলেশনের ক্ষেত্রে একটি ভালো পদ্ধতির মাধ্যমে গভর্নরের প্রচেষ্টাকে সমর্থন জানাতে পেরে গর্বিত। এই পদক্ষেপগুলো নিউ ইয়র্কের অনেক পরিবারের জন্য ইতিবাচক ফলাফল নিয়ে আসবে এমন সুবিধাদি সহ প্রজনন স্বাস্থ্য সেবার গুরুত্বপূর্ণ অন্তর্ভুক্তিকরণের একটি পরিমিত সম্প্রসারণকে উপস্থাপন করে।"

ইন ভিট্রো ফার্টিলাইজেশন সমলিঙ্গের সঙ্গী ও একক নারী সহ প্রজননে বাধার সম্মুখীন হওয়া লোকদের জন্য একটি গুরুত্বপূর্ণ সুবিধা। বন্ধ্যাত্ব প্রায় 10 শতাংশ দম্পতিকে প্রভাবিত করে এবং প্রায় 12 শতাংশ নারী গর্ভধারণ করতে বা মেয়াদী গর্ভাবস্থা চালিয়ে নিতে সমস্যার সম্মুখীন হন। ইন ভিট্রো ফার্টিলাইজনের বীমায় অন্তর্ভুক্তিকরণ আবশ্যক করার কারণে বৈবাহিক অবস্থা, যৌন অভিযোজন, লিঙ্গ পরিচয় বা আর্থ-সামাজিক অবস্থা নির্বিশেষে সবাই এই সেবা ব্যাপকভাবে নিতে পারবে। প্রজননশীলতার সংরক্ষণ ক্যান্সার বা সন্তান ধারণের সক্ষমতায় প্রভাব রাখতে পারে এমন চিকিৎসাধীন অন্যান্য রোগীদের জন্য একটি গুরুত্বপূর্ণ সুবিধা। কিছু কিছু নিয়োগকর্তা এই সুবিধাগুলোকে বীমায় অন্তর্ভুক্ত করলেও অনেকেই তা করে না এবং এই পরিষেবাগুলি পাওয়ার ক্ষেত্রে খরচ একটি প্রধান অন্তরায়।

গত বছর, গভর্নর কুওমো ডিপার্টমেন্ট অব ফাইন্যান্সিয়াল সার্ভিসেসকে ইন ভিট্রো ফার্টিলাইজেশনকে নিউ ইয়র্কের বিদ্যমান প্রজনন কভারেজ ম্যান্ডেটে অন্তর্ভুক্ত করার পদ্ধতিগুলো পরীক্ষা করে দেখার নির্দেশ দেন। পর্যালোচনা প্রক্রিয়া চলাকালে, ডিপার্টমেন্ট অব ফাইন্যান্সিয়াল সার্ভিসেস অন্যান্য স্টেটের বিদ্যমান কভারেজ ও আইনগুলো জরিপ করে দেখে এবং এই ধরনের কভারেজ প্রদানে আর্থিক বিশ্লেষণ পরিচালনা ও সম্ভাব্য প্রিমিয়ামের প্রভাব পরিকল্পনা করার জন্য ওয়েকেলি কনসাল্টিং, ইনকর্পোরেটেড (Wakely Consulting, Inc.) এর একজন আহিলকারক (actuarial vendor) নিয়োগ দেয়। এই গবেষণায় কর্মীদের মধ্যে নারী ও সমলিঙ্গের সাম্যতাকে সমর্থন সহ অন্যান্য সুবিধার পাশাপাশি এই ধরনের কভারেজের গুরুত্ব, পরিষেবার চাহিদা এবং প্রিমিয়ামের প্রভাব বিবেচনায় রাখা হয়।

ডিপার্টমেন্ট অব ফাইন্যান্সিয়াল সার্ভিসেস এর বিশ্লেষণ

ক্যান্সার বা প্রজননশীলতায় প্রভাব রাখতে পারে এমন চিকিৎসাধীন অন্যান্য রোগীদের জন্য সংরক্ষণ খরচ সহ চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় প্রজননশীলতার সংরক্ষণ সেবাকে বীমা আওতার অন্তর্ভুক্ত করতে ডিপার্টমেন্ট অব ফাইন্যান্সিয়াল সার্ভিসেস বীমা আইনে বন্ধ্যাত্বের যে সংজ্ঞা দেয়া হয়েছে তা সংশোধনের উপায়গুলো পর্যালোচনা করেছে। ইন ভিট্রো ফার্টিলাইজেশনের কভারেজের জন্য ডিপার্টমেন্ট অব ফাইন্যান্সিয়াল সার্ভিসেস নিম্নোক্ত বিষয়গুলোকেও বিশ্লেষণ করেছে:

চক্র সীমা: যদি একটি ইন ভিট্রো ফার্টিলাইজেশন ম্যান্ডেটে একটি চক্র সীমা অন্তর্ভুক্ত থাকে, তাহলে "চক্র" শব্দটি পরিষ্কারভাবে সংজ্ঞায়িত করা যেতে পারে।

বৈবাহিক অবস্থা, যৌন অভিযোজন ও লিঙ্গ পরিচয় ভিত্তিক যে বৈষম্য তা দূর করা: ইন ভিট্রো ফার্টিলাইজেশন সুবিধাগুলো এমনভাবে লেখা যেতে পারে যেন তা বৈবাহিক অবস্থা, যৌন অভিযোজন বা লিঙ্গ সমতা নির্বিশেষে প্রত্যেকের কাছে এই সুবিধাগুলোর প্রাপ্যতা নিশ্চিত করা যায়। সুবিধাগুলো অবশ্যই অবিবাহিত ব্যক্তি ও সমলিঙ্গের সঙ্গীদের জন্য উপলব্ধ থাকতে হবে যা ডিপার্টমেন্ট অব ফাইন্যান্সিয়াল সার্ভিসেস এর বর্তমান নীতিমালার সাথে সামঞ্জস্যপূর্ণ হবে।

বয়স সীমা: এমন ইন ভিট্রো ফার্টিলাইজেশন সুবিধা বিবেচনায় রাখতে হবে যা নির্দিষ্ট বয়স-ভিত্তিক নয়। ভোক্তাদের নিউ ইয়র্কের বর্তমান আইনের অধীনে একটি বহিঃস্থ আপিল চাওয়ার অধিকার প্রদান করার মাধ্যমে রোগীদের চিকিৎসাগত চাহিদার ভিত্তিতে ইন ভিট্রো ফার্টিলাইজেশন পর্যালোচনা করা যেতে পারে। সুতরাং, বন্ধ্যাত্ব চিকিৎসার জন্য নিউ ইয়র্কে বর্তমানে বয়সের যে ঊর্ধ্ব সীমা আছে (44 বছর) তা প্রয়োগ না করার বিষয়টি বিবেচনায় রাখতে হবে।

পদ্ধতিগত বাধাগুলো দূর করা: বর্তমানে, অন্যান্য স্টেটের ইন ভিট্রো ফার্টিলাইজেশনের অন্তর্ভুক্তিকরণ অনুমোদনের পূর্বে সহায়ক প্রজনন প্রযুক্তি (assisted reproductive technology, ART) পদ্ধতিগুলো ব্যবহার করতে হয়। প্রত্যেক পদ্ধতিতে এর নিজস্ব ঝুঁকি ও সম্ভাবনা রয়েছে; তাই, এই সংবিধিতে এই সীমাবদ্ধতাগুলো অন্তর্ভুক্ত থাকা উচিত নয় তবে চিকিৎসায় পর্যালোচনার একটি চিকিৎসাগত আবশ্যকতার অনুমোদন দেয়া উচিত। এভাবে, চিকিৎসাগত প্রয়োজনীয়তার সিদ্ধান্তের দ্বারা কোন চিকিৎসা(গুলো) কখন নির্ধারণ করা হবে সেই সিদ্ধান্ত ও পর্যালোচনা ভোক্তাদেরকে নিউ ইয়র্কের বর্তমান আইনের অধীনে একটি বহিঃস্থ আপিল চাওয়ার অধিকার প্রদান করে।

প্রস্তাবনাটি গভর্নরের 2019 নারী ন্যায়বিচার এজেন্ডার অন্তর্ভুক্ত। এই সাহসী, প্রভূত বোধশক্তিসম্পন্ন প্রস্তাব গভর্নর এর 2018 সালের নিউইয়র্কের মহিলাদের জন্য প্রজনন, অর্থনৈতিক ও সামাজিক ন্যায়বিচারের উন্নতিতে অর্জিত সাফল্যের উপর ভিত্তি করে গড়ে উঠেছে। 2019 সালের নারীদের ন্যায়বিচারের সম্পূর্ণ বিষয়সূচি উপলব্ধ এখানে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন